রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ০২ , ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**ব্যাংকিং অনুবিভাগ**
**নীতি শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ মাঘ ১৪০৯ বাং/ ১ ফেব্রুয়ারি ২০০৩ ইং

নং এস, আর, ও-৩৬/আইন/২০০৩—যেহেতু গ্রামীণ ব্যাংক এই মর্মে সরকারের অনুকূলে অংগীকার করিয়াছে যে, ০১-০১-২০০১ ইং তারিখ হইতে ৩১-১২-২০০৫ ইং তারিখ পর্যন্ত মেয়াদে গ্রামীণ ব্যাংকের আয়ের উপর আরোপণীয় আয়কর, সুপারট্যাক্স ও ব্যবসায় মুনাফা কর প্রদান হইতে উক্ত ব্যাংককে অব্যাহতি দেওয়া হইলে উক্ত ব্যাংক সমস্ত লভ্যাংশসহ উক্ত করের অর্থ তদ্‌কর্তৃক গঠিত পুনর্বাসন তহবিলে জমা করিবে এবং উক্ত তহবিলের অর্থ প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত গ্রামীণ ব্যাংক সদস্যদের পুনর্বাসনের কাজে ব্যবহার করিবে;

সেহেতু The Grameen Bank Ordinance, 1983 (Ord. No.XLVI of 1983) এর section 33 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ০১-০১-২০০১ ইং তারিখ হইতে ৩১-১২-২০০৫ ইং তারিখ পর্যন্ত মেয়াদকে এইরূপ মেয়াদ হিসাবে নির্ধারণ করিল যে, উক্ত মেয়াদে গ্রামীণ ব্যাংককে উহার যে কোন আয়ের উপর আরোপণীয় আয়কর, সুপারট্যাক্স বা ব্যবসায়িক মুনাফা কর প্রদান করিতে হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুল আজম**
উপ-সচিব (ব্যাংকিং নীতি-২)।

শেখ মোঃ মোবারক হোসেন, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।



মূল্য : টাকা ১.০০